দৈনিক
ইনকিলাব

11 SEP 2013
পৃঃ ৫ কলাম ৮

কওমী মাদরাসার স্বাতন্ত্র্য বিলীন করে কোন স্বীকৃতি মেনে নেয়া হবে না

ইসলামী আন্দোলন ও তাফসীর পরিষদ

[illegible] ইসলামী আন্দোলন বাংলাদেশ এর মহাসচিব [illegible] মাওলানা [illegible] আহমাদ বলেছেন, কওমী মাদরাসার সনদের সরকারী স্বীকৃতির নামে কওমী মাদরাসার স্বতন্ত্রতা বিলীন করে কোন স্বীকৃতি দেশের হক্কানী উলামা মাশায়েখগণ মেনে নিবে না। কওমী সনদের স্বীকৃতি দিতে গেলে কওমী মাদরাসার ইতিহাস-ঐতিহ্য ও স্বাতন্ত্র্য বজায় রেখেই দিতে হবে। মাদরাসা শিক্ষার মূল উদ্দেশ্য হলো কেরানী মুন্সী কিছু লোক তৈরি করা। বর্তমান কওমী সনদের স্বীকৃতির জন্য যেভাবে নীতিমালা তৈরি করা হচ্ছে তাতে মাদরাসা শিক্ষার মূল উদ্দেশ্য ব্যাহত হওয়ার সম্ভাবনাই বেশি। তাই মাদরাসা স্বার্থবিরোধী যে কোন সিদ্ধান্ত নিলে আলেমগণ তা কোন ক্রমেই মেনে নিবে না। গতকাল বিকেলে রাজধানীর [illegible] অফিস [illegible] সদস্যদের সাথে মতবিনিময় কালে তিনি এ কথা বলেন। এ সময় উপস্থিত ছিলেন সহকারী মহাসচিব মাওলানা গাজী আতাউর রহমান, অধ্যাপক মাওলানা এটিএম হেমায়েত উদ্দিন, সাংগঠনিক সম্পাদক মাওলানা ইকতিয়ার আলম, মাওলানা লোকমান হোসাইন, আলহাজ হাফেজ ওয়ার রশিদ, মাওলানা আতাউর রহমান খায়েরী প্রমুখ।

জাতীয় তাফসীর পরিষদ

জাতীয় তাফসীর পরিষদ বাংলাদেশ এর চেয়ারম্যান মাওলানা আহমদ তাওফিক লাইছুম বলেছেন, কওমী মাদরাসার সনদের সরকারী স্বীকৃতির নামে কওমী মাদরাসা ধ্বংসের চক্রান্ত হলে কওমী আলেম তা প্রতিহত করবে। তিনি বলেন, কওমী মাদরাসার স্বকীয়তা স্বাতন্ত্র্যবোধ বিলীন করে কোন স্বীকৃতি দেশের হক্কানী উলামা মাশায়েখগণ মেনে নিবে না। কওমী মাদরাসাগুলোর নিয়ন্ত্রণের নামে মাদরাসা শিক্ষা ধ্বংসের ষড়যন্ত্র করা হলে তা কোনভাবেই মেনে নেয়া হবে না।